

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৩২ - আল্লাহর ভয়

১। আল্লাহ তাআলা এরশাদ করেছেন.

إِنَّمَا ذَلِكُمُ الشَّيْطَانُ يُخَوِّفُ أَوْلِيَاءَهُ فَلَا تَخَافُوهُمْ وَخَافُونِ إِنْ كُنْتُمْ مُوْمِنِينَ ﴿آلَ عمران: 175﴾
"এরা হলো শয়তান, যারা তোমাদেরকে তার বন্ধুদের (কাফের বেঈমান) দ্বারা ভয় দেখায়। তোমরা যদি প্রকৃত
মোমেন হয়ে থাকো। তাহলে তাদেরকে [শয়তানের সহচারদেরকে] ভয় করো না বরং আমাকে ভয় করো।" (আল
ইমরান . ১৭৫)

২। আল্লাহ তাআলা আরো এরশাদ করেছেন,

إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللَّهِ مَنْ أَمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَأَقَامَ الصَّلَاةَ وَأَتَى الزَّكَاةَ وَلَمْ يَخْشَ إِلَّا اللَّهَ . (التوبة: 18)
"আল্লাহর মসজিদগুলোকে একমাত্র তারাই আবাদ করতে পারে যারা আল্লাহ এবং আখেরাতের প্রতি ঈমান রাখে,
নামাজ কায়েম করে, যাকাত

আদায় করে এবং একমাত্র আল্লাহকে ছাড়া আর কাউকে ভয় করে না।" (তাওবা : ১৮)

৩। আল্লাহ তাআলা অন্য আয়াতে এরশাদ করেছেন,

وَمِنَ النَّاسِ مَنْ يَقُولُ آَمَنًا بِاللَّهِ فَإِذَا أُوذِيَ فِي اللَّهِ جَعَلَ فِتْنَةَ النَّاسِ كَعَذَابِ اللَّهِ (العنكبوت: 10)
"মানুষের মধ্যে এমন কিছু মানুষ আছে যারা বলে, আমরা আল্লাহর উপর ঈমান এনেছি। এরপর যখন আল্লাহর পথে তারা দুঃখ কষ্ট পায় তখন মানুষের চাপানো দুঃখ কষ্টের পরীক্ষাকে তারা আল্লাহর আযাবের সমত্ল্য মনে করে।" (আনকাবৃত : ১০)

৪। আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে 'মারফু' হাদীসে বর্ণিত আছে, ঈমানের দুর্বলতা হচ্ছে আল্লাহ তাআলাকে অসম্ভষ্ট করে মানুষকে সম্ভষ্ট করা, আল্লাহর রিযিক ভোগ করে মানুষের গুণগান করা, তোমাকে আল্লাহ যা দান করেননি তার ব্যাপারে মানুষের বদনাম করা। কোন লোভীর লোভ আল্লাহর রিযিক টেনে আনতে পারে না। আবার কোন ঘৃণা কারীর ঘৃণা আল্লাহর রিযিক বন্ধ করতে পারে না।

৫। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত আছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন,

من التمس رضا الله بسخط الناس رضي الله عنه وأرضى عنه الناس ومن التمس رضا الناس بسخط الله سخط الله عليه وأسخط الله عليه وأسخط عليه الناس. (رواه ابن حبان في صحيحه)

''যে ব্যক্তি মানুষকে নারাজ করে আল্লাহর সম্ভুষ্টি চায়, তার উপর আল্লাহর সম্ভুষ্ট থাকেন, আর মানুষকেও তার প্রতি সম্ভুষ্ট করে দেন।



পক্ষান্তরে যে ব্যক্তি আল্লাহকে নারাজ করে মানুষের সম্ভুষ্টি চায়, তার উপর আল্লাহও অসম্ভুষ্ট হন এবং মানুষকেও তার প্রতি অসম্ভুষ্ট করে দেন। (ইবনে হিববান)

- এ অধ্যায় থেকে নিম্ন বর্ণিত বিষয়গুলো জানা যায় :
- ১। সূরা আল-ইমরানের ১৭৫ নং আয়াতের তাফসীর।
- ২। সূরা তাওবার ১৮ নং আয়াতের তাফসীর।
- ৩। সূরা আনকাবুতের ১০ নং আয়াতের তাফসীর।
- ৪। ঈমান শক্তিশালী হওয়া আবার দূর্বল হওয়া সংক্রান্ত কথা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5108

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন